



রাষ্ট্রদ্রোহ মামলায় শেখ হাসিনাসহ ২৬১ জনের পলাতক বিজ্ঞপ্তি প্রকাশ সিআইডি'র



সংগৃহীত ছবি

পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) 'জয় বাংলা ব্রিগেড' সম্পর্কিত রাষ্ট্রদ্রোহ মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৬১ জনকে পলাতক ঘোষণা করেছে। আদালতের নির্দেশ অনুযায়ী শুক্রবার (৩১ অক্টোবর) দুটি জাতীয় দৈনিক পত্রিকায় এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

সিআইডি'র বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান জানান, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনে এবং সিআরপি'সি ১৯৬ ধারা অনুসারে মামলাটি দায়ের করা হয়েছে। তদন্তে বেরিয়ে আসে, 'জয় বাংলা ব্রিগেড' নামের অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে কিছু ব্যক্তি দেশের বৈধ সরকার উৎখাতের জন্য বিদেশ থেকে ষড়যন্ত্রমূলক কার্যক্রম চালাচ্ছিল।

তদন্তে পাওয়া তথ্যের ভিত্তিতে সিআইডি আদালতে ২৮৬ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করে। এর মধ্যে বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্ম, সার্ভার এবং সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে প্রাপ্ত তথ্য ফরেনসিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই করা হয়েছে।

সিআইডি'র পক্ষ থেকে বলা হয়েছে, বৃহস্পতিবার (৩০ অক্টোবর) ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-১৭ ২৬১ জনকে পলাতক ঘোষণা করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ দেন। সেই আদেশ অনুযায়ী সিআইডি শুক্রবার বিজ্ঞপ্তি প্রকাশ করে।